

10359 - আলী (রাঃ) জ্বিনের সাথে যুদ্ধ করেছেন এমন দাবী করা মিথ্যাচার; এর কোন ভিত্তি নেই

প্রশ্ন

এটা কি সঠিক যে, ইমাম আলী (রাঃ) জ্বিনের সাথে লড়াই করেছেন; যেহেতু ‘গাজাওয়াতুল ইমাম আলী’ নামক কিতাবে এটি উদ্ধৃত হয়েছে এবং তিনি লড়াই করে তাদেরকে সাত জমিন পর্যন্ত পাঠিয়ে দিয়েছেন। এই কিতাবের ব্যাপারে আপনাদের অভিমত কি?

প্রিয় উত্তর

এসব কিছুই কোন ভিত্তি নেই। তিনি জ্বিনের সাথে লড়াই করেননি এবং এমন কিছু ঘটেনি। বরঞ্চ এটি বাতিল, মিথ্যা ও মানুষের বানোয়াট। শাইখুল ইসলাম আবুল আব্বাস (রহঃ) এ ব্যাপারে বলেন: নিঃসন্দেহে এটি মিথ্যা, এর কোন ভিত্তি নেই এবং মিথ্যাবাদীরা যে সব মিথ্যাচার করেছে এটি সেগুলোর অন্তর্ভুক্ত।